# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ মক্কা বিজয়ের যুদ্ধ (غَزْوَةُ فَتْحِ مَكَّةَ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

রাসূলুল্লাহ (সাঃ)-এর মক্কায় অবস্থান এবং কর্ম (إِقَامَتُهُ (ﷺ) بِمَكَّةَ وَعَمَلُهُ فِيْهَا):

রাসূলুল্লাহ (ﷺ) মক্কায় ঊনিশ দিন অবস্থান করেন। উল্লেখিত সময়ের মধ্যে তিনি ইসলামের পুনরুজ্জীবন প্রক্রিয়ায় তৎপর থাকেন এবং মানুষকে হিদায়াত ও তাকওয়ার আদেশ দিতে থাকেন। উল্লেখিত সময়ের মধ্যেই নাবী কারীম (ﷺ)–এর নির্দেশক্রমে আবূ উসাইদ (রাঃ) খুযা’য়ী নতুন ভাবে হারামের সীমানার স্তম্ভ খাড়া করেন এবং ইসলামের দাওয়াত প্রদান ও মক্কার পার্শ্ববর্তী স্থানসমূহের মূর্তিগুলো ভেঙ্গে ফেলা হয়। অধিকন্তু নাবী কারীম (ﷺ)–এর পক্ষ থেকে ঘোষণাকারী মক্কায় ঘোষণা করতে থাকেন যে নিজ গৃহে কোন মূর্তি রাখবেন না। যদি ঘরে মূর্তি থাকে তাকে অবশ্যই তা ভেঙ্গে ফেলতে হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6400

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন